


## প্রশিক্ষণ সংক্রান্ত পরামর্শ

দ্রুতম্যান প্রশিক্ষণে উপজেলা সমবায় অফিসার,বাকেরগঞ্জ, বরিশাল মহোদয় সমবায় কি এবং কেন সমবায় করবেন এ বিষয়ে পরামর্শ প্রদান করেন। প্রশিক্ষক বৃন্দ সমিতির সার্বিক কল্যানের কাজ করার সহযোগিতা সমবায় সমিতির রেকড সংরক্ষণ ও হিসাব বিবরণী প্রস্তুতকরণ ও অডিট সম্পাদনে সমিতির কর্তৃপক্ষের দায়িত্ব সম্পর্কে আলোচনা করেন ও পরামর্শ প্রদান করেন। তিনি আরও বলেন সমিতির কার্যক্রম সমবায় আইন ও বিধি অনুযায়ী পরিচালনার করার আশ্বাস দেন। উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তারা হাঁস মুরগী গরু ছাগল ও গৃহপালিত অন্যান্য পশু লালন পালনের জন্য খামার তৈরির কর্মকৌশল সম্পর্কে পরামর্শ প্রদান করেন। এবং হাঁস মুরগি পালনের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি সম্পর্কে সমবায়ীদের ধারণা ও পরামর্শ দেন। মৎস্য কর্মকর্তা মৎস্য উৎপাদন বৃদ্ধির মাধ্যমে সমবায় সমিতির সদস্যদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টি বিষয় পরামর্শ প্রদান করেন। উপজেলা কৃষি কর্মকর্তা আধুনিক কৃষি উপকরণ যেমন সার, বীজ, কীটনাশক ইত্যাদির সুষ্ঠু ব্যবহার বিষয়ক ধারণা ও বাড়ির আঙ্গিনায় শাক-সবজি ফলমূল চাষ করে আয় বৃদ্ধি করার পরামর্শ প্রদান করেন। সমবায় সম্পর্কে সমবায়ীদের সমবায় সমিতি করে কি ভাবে স্বাবলম্বী হওয়া যায় সেই সম্পর্কে পরামর্শ ও ধারণা দেন। প্রশিক্ষক বৃন্দ সমবায় সমিতির রেকড সংরক্ষণ ও হিসাব বিবরণী প্রস্তুতকরণ ও অডিট সম্পাদনে সমিতির কর্তৃপক্ষের দায়িত্ব সম্পর্কে আলোচনা করেন। এবং সুন্দর ভাবে সমিতি পরিচালনা করার পরামর্শ প্রদান করেন।

  
মোহাম্মদ খোশেদ আলম  
জেলা সমবায় অফিসার (অ:দা)  
বরিশাল।